

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভার কার্য-বিবরণী

সভা নং ০১/২০২৪-২৫

তারিখ: ০৮/০৭/২০২৪ইং

সময়: সকাল: ১১:০০ ঘটিকা

সভার স্থান: উপজেলা মহিলা বিষয়ক অফিস, বাউফল, পটুয়াখালী

উপস্থিত সদস্যদের নামের তালিকা:

ক্র: নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	মরিয়ম বেগম নিসু	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	সভাপতি	স্বাক্ষরিত
২	মোঃ আনোয়ার হোসেন বাচ্চু	চেয়ারম্যান, সূর্যমনি ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৩	মোঃ মাহমুদ হাসান	চেয়ারম্যান, বগা ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৪	মোঃ নেছারউদ্দিন জামাল	চেয়ারম্যান, কালিশুরী ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৫	জেসমিন আকতার	উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বাউফল	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য বিষয়:

১. বাল্য বিবাহ রোধ।

আলোচ্য বিষয়, আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ:

অধ্যকার সভা উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভাপতি জনাবা মরিয়ম বেগম নিসু, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল, পটুয়াখালী এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সদস্য সচিব, জনাবা জেসমিন আকতার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাউফল, পটুয়াখালীকে আলোচ্য বিষয়গুলি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

সদস্য সচিব, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করে সভাপতি মহোদয়কে এজেভা ভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ জানান।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
১. বাল্য বিবাহ রোধ	জনাব মোঃ মাহমুদ হাসান, চেয়ারম্যান, বগা ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, বাল্য বিবাহ একটি সামাজিক ব্যাধি। অনেক মেয়েদের আঠারো বছর বয়স না হওয়ার আগেই বিবাহ হয়ে যাচ্ছে। এ বিষয়ে এখনই কোন পদক্ষেপ না নিলে ভবিষ্যতে তা আরও বৃদ্ধি পাবে। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	আলোচনার প্রেক্ষিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের হেল্প লাইন নম্বর স্কুল, কলেজ ও রাস্তার মোড়ে মোড়ে টানিয়ে দেওয়ার জন্য উপজেলা কমিটিতে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	২০২৪-২৫ অর্থবছর। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মরিয়ম বেগম নিসু)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও
সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
বাউফল, পটুয়াখালী।